



বিনাইদহে বিএনপির দুই পক্ষের সংঘর্ষ, পুলিশসহ আহত ১২



সংগৃহীত ছবি

বিনাইদহের কালীগঞ্জে বিএনপির দুই পক্ষের বিরোধ মারামারিতে গড়িয়েছে। এতে পুলিশ সদস্যসহ অন্তত ১২ জন আহত হয়েছেন।

শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) সকালে কালীগঞ্জ থানার সামনে এ সংঘর্ষের ঘটনা ঘটে। স্থানীয়দের ভাষ্য, একটি আলোচনা সভাকে কেন্দ্র করে প্রথমে বাকবিতণ্ডা শুরু হয়। পরে তা হাতাহাতি ও সংঘর্ষে রূপ নেয়। পরিস্থিতি সামাল দিতে পুলিশ এগিয়ে গেলে উত্তেজিত কর্মীরা তাদের দিকেও চড়াও হয়।

উপজেলা ছাত্রদলের সাবেক নেতা লুৎফুর রহমান লেস্টু দাবি করেন, রাশেদ খানের নেতৃত্বে দলীয় কার্যালয়ে সভা চলছিল। এ সময় মহারাজপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান খুরশিদ আলম সমর্থকদের নিয়ে কার্যালয়ের বাইরে অবস্থান নেন। কথা কাটাকাটির একপর্যায়ে সংঘর্ষ বাধে। তিনি ঘটনাটিকে দুঃখজনক বলে মন্তব্য করেন।

কালীগঞ্জ থানার ওসি মো. জেল্লাল হোসেন জানান, থানায় এক প্রেস ব্রিফিং চলাকালে পাশের দলীয় কার্যালয়ে দুই পক্ষের সংঘর্ষ শুরু হয়। পুলিশ নিয়ন্ত্রণে আনতে গেলে তাদের ওপরও হামলা হয়। এতে পুলিশসহ ১২ জন আহত হন। বর্তমানে পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। ঘটনায় তদন্ত সাপেক্ষে আইনগত পদক্ষেপ নেওয়া হবে বলে জানান তিনি।